

ঢাকা ওয়াসা

Name of the work: Construction of Walkway beside west side of boundary wall from Ch.0+837km to 0+889km under Store Division, Dhaka WASA

অনুচ্ছেদ ১.০

পাণলাস্থ ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মজস জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডার বিভাগে জমা রাখা হয়। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্পের পুরাতন ও ব্যবহার অনুযোগী মালামাল এম.আর.এস. এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। অত্র বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। অত্র বিভাগে পর্যাপ্ত বদ্ধ গুদাম এবং উন্মুক্ত শেড না থাকায় মালামালের প্রকৃতিভেদে অপেক্ষাকৃত ক্ষুদ্র ও মূল্যবান মালামাল সমূহ বদ্ধ গুদামে এবং অপেক্ষাকৃত বড় ও ভারী মালামাল সমূহ যথাক্রমে উন্মুক্ত শেড ও খোলা মাঠে সংরক্ষণ করা হয়। ভান্ডার বিভাগের মূল্যবান মালামালের সার্বিক নিরাপত্তার জন্য ৯ (নয়) জন আনসার ও ১২ (বারো) জন জিফোরএস নিরাপত্তাকর্মী নিয়োজিত আছে। উক্ত নিরাপত্তাকর্মীগণ শিফট ওয়াইজ ভান্ডার বিভাগ কম্পাউন্ডে সার্বক্ষণিক টহল দিয়ে থাকে। অত্র কম্পাউন্ডের সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে পুরো সীমানা প্রাচীরের অভ্যন্তরে ওয়াকওয়ে নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় আলোচ্য ওয়াকওয়ে নির্মাণ কাজটি করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১

উপরোক্ত বর্ণনার আলোকে “Construction of walkway beside west side of boundary wall from Ch.0+837km to 0+889km under Store Division, Dhaka WASA” কাজটি করার জন্য পিডব্লিউডি-২০২২ (রিভাইজড) দরের ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৪) প্রস্তুত করা হয়েছে। যাতে মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৬,৯৮,৫০০.০০ (ছয় লক্ষ আটানব্বই হাজার পাঁচ শত) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৯৮, প্যাকেজ-বি.২২.২৯ এ (সংযুক্তি-১) অন্তর্ভুক্ত আছে। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের “ভান্ডার রক্ষণাবেক্ষণ” খাত (কোড: ০১-০৪-০০৮) হতে নির্বাহ করা হবে।

অনুচ্ছেদ ১.২

আলোচ্য কাজটি অতীব জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৬৩ নং বিধি ১(খ) মোতাবেক Limited Tendering Method (LTM) প্রক্রিয়ায় দরপত্র আহবান করা হবে এবং STD Form PW-2b অনুসরণে দরপত্র দলিল তৈরি করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, Store Division, Dhaka WASA কে রাখা হবে। কাজটির দরপত্র আহ্বান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন ও বাস্তবায়নসহ যাবতীয় কাজ Executive Engineer, Store Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। আলোচ্য কাজটি বাস্তবায়ন শেষে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এস.এম.ডব্লিউ.সি. সার্কেল এবং টাক্সফোর্স টিম-৩ এর প্রত্যয়ন সাপেক্ষে চূড়ান্ত করা হবে।

সংযুক্তি-১	ভান্ডার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
সংযুক্তি-২	খসড়া নকশা।
সংযুক্তি-৩	ক্যালকুলেশন শীট।
সংযুক্তি-৪	প্রাক্কলন।
সংযুক্তি-৫	প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.৩

এমতাবস্থায়, “Construction of walkway beside west side of boundary wall from Ch.0+837km to 0+889km under Store Division, Dhaka WASA” শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৬৩ নং বিধি ১(খ) মোতাবেক Limited Tendering Method (LTM) প্রক্রিয়ায় সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ৬,৯৮,৫০০.০০ (ছয় লক্ষ আটানব্বই হাজার পাঁচ শত) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী আলোচ্য কাজের প্রাক্কলনটি এস.এম.ডব্লিউ.সি. সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

12/05/25

AE

PAUL SARKER
Assistant Engineer
Store Division, Dhaka WASA

Md. Sarwar Hossain Khan
Executive Engineer
Store Division
Dhaka WASA.

SE, smwec

২.৪/ প্রস্তুত

26/05/25

মোহাম্মদ হামাধুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।